# দেশে ফিরলেন শহিদুল আলম, গাজার মুক্তির লড়াই অব্যাহত রাখার আহ্বান



সংগৃহীত ছবি

ইসরায়েলের কারাগার থেকে মুক্তি পেয়ে দেশে ফিরেছেন মানবাধিকারকর্মী ও আলোকচিত্রী ড. শহিদুল আলম। দেশে ফিqরে তিনি সরকার ও দেশবাসীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং গাজার জনগণের মুক্তির জন্য বৈশ্বিক ঐক্যের আহ্বান জানান।

ইসরায়েলের কারাগার থেকে মুক্ত হয়ে আজ শনিবার (১১ অক্টোবর) ভোর ৪টা ৫৫ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছেছেন বিশিষ্ট আলোকচিত্রী ও মানবাধিকারকর্মী ড. শহিদুল আলম। দেশে ফিরে তিনি গভীর কৃতজ্ঞতা জানান দেশবাসী ও সরকারের প্রতি এবং ফিলিস্তিনের মুক্তি না পাওয়া পর্যন্ত লড়াই চালিয়ে যাওয়ার আহ্বান জানান।

বিমানবন্দরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে শহিদুল আলম বলেন, “গাজা এখনও মুক্ত হয়নি, সেখানকার মানুষ প্রতিদিন বোমার নিচে বেঁচে আছে। আমাদের ওপর যা ঘটেছে, তা গাজাবাসীদের কষ্টের তুলনায় কিছুই নয়। আমাদের কাজ এখনো শেষ হয়নি।”

এর আগে, প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস শহিদুল আলমের মুক্তি ও নিরাপদ প্রত্যাবর্তনে সহযোগিতার জন্য তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান এবং সংশ্লিষ্ট দেশগুলোর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

শহিদুল আলমকে আটক করার পরপরই প্রধান উপদেষ্টার দফতর জর্ডান, মিশর ও তুরস্কে অবস্থিত বাংলাদেশ দূতাবাসগুলোকে তাৎক্ষণিকভাবে কূটনৈতিক পদক্ষেপ নিতে নির্দেশ দেয়। পররাষ্ট্র মন্ত্রণালয়ের সমন্বিত প্রচেষ্টায় তার মুক্তি নিশ্চিত হয়।

এর আগে তিনি তেল আবিব থেকে তুরস্কে পৌঁছান। উল্লেখ্য, ড. শহিদুল আলমসহ ‘কনশানস’ জাহাজে থাকা সাংবাদিক, স্বাস্থ্যকর্মী ও ক্রুদের বুধবার ভোরে আটক করে ইসরায়েলি দখলদার বাহিনী।